

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

পিএসডি সার্কুলার লেটার নং-০৮/২০২০

তারিখঃ ১২ এপ্রিল ২০২০
২৯ চৈত্র ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে সেবা প্রদানকারী সকল মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস প্রোভাইডার

প্রিয় মহোদয়,

সচল রাষ্ট্রনিয়ন্ত্রিত শিল্প-প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের বেতন ভাতাদি প্রদানের জন্য
মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসের চ্যানেলসমূহ চালু রাখা প্রসঙ্গে।

এ বিভাগের ০৬-০৮-২০২০ তারিখের পিএসডি সার্কুলার নং ৩ এর অনুভূতিক্রমে জানানো যাচ্ছে যে নভেল
করোনাভাইরাসের প্রাদুর্ভাবের প্রেক্ষাপটে সচল রাষ্ট্রনিয়ন্ত্রিত শিল্প-প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের বেতন ভাতাদি প্রদানের জন্য সরকার
ঘোষিত আর্থিক প্রগোদ্ধনার (সহজ শর্তে ঋণ/বিনিয়োগ) অর্থ শ্রমিক-কর্মচারীদের নিজস্ব মোবাইল হিসাবের মাধ্যমে বিতরণের
উদ্দেশ্যে সকল এমএফএস প্রোভাইডার স্ব স্ব সিস্টেম, ডিস্ট্রিবিউটর ও এজেন্ট চ্যানেল নিরবচ্ছিন্ন ও সচল রাখবে এবং এজেন্ট
পয়েন্টসমূহে প্রয়োজনীয় পরিমাণ নগদ অর্থের যোগান নিশ্চিত করবে।

মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসের সেবাসমূহ আবশ্যিকীয় পরিসেবা হিসেবে গণ্য করতঃ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে
হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ মেজবাউল হক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ০২-৯৫৩০১৭৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা

নভেল করোনাভাইরাসের সংক্রমণ নিয়ন্ত্রণে চলমান সাধারণ ছুটির সময়কালে এমএফএস পরিসেবা সম্পাদনের লক্ষ্যে, এমএফএস প্রোভাইডারের কর্মকর্তা, ডিস্ট্রিবিউটর, ডিস্ট্রিবিউটরের কর্মচারী, এবং এজেন্টগণ যাতে নির্বিশ্লেষণে চলাচল করতে পারেন এবং সরকার কর্তৃক নির্ধারিত সময় অনুযায়ি যাতে এজেন্ট পয়েন্টসমূহ খোলা রাখা যায় সে বিষয়ে সহায়তা করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হল।